দৈনিক সংবাদ

তারিখ 05 JUL 1987
পৃষ্ঠা ... ! কলাম !

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে বেতন না বাড়ানোর নির্দেশ

শিক্ষা মন্ত্রণালয় থেকে সরকারী অনুদানপ্রাপ্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসাগুলোকে সরকারের পূর্ব অনুমতি ছাড়া বেতন ও সংশ্লিষ্ট অন্যান্য ফি না বাড়ানোর নির্দেশ দেয়া হয়েছে। খবর বাসস'র।

গতকাল শনিবার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৯৮৭ সালের ১লা জুলাই থেকে এই নির্দেশ কার্যকর হবে।

মন্ত্রণালয় থেকে বলা হয়, সরকার ইতিমধ্যেই শিক্ষক ও কর্মচারীদের জন্য অনুদান বৃদ্ধি করেছেন, তবু কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান গত ১লা জুলাই থেকে তাদের বেতন ও অন্যান্য ফি বাড়িয়েছে বলে জানা গেছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বেতন ও অন্যান্য সংশ্লিষ্ট ফি সরকারী প্রতিষ্ঠানের চেয়ে এখনো বেশীই রয়েছে।